

# আনন্দবাজার পত্রিকা

কলকাতা ৩ জ্যৈষ্ঠ ১৪১৫ শনিবার ১৯ জুলাই ১৯০৮ খ্রিস্টাব্দ

## জলপ্রকল্পের চুক্তি স্বাক্ষর

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া:  
সেঁওখালিতে প্রস্তাবিত নতুন  
জলপ্রকল্প নিয়ে শুক্রবার চুক্তি হল  
উদ্যোগী তিন সংস্থা এবং হলদিয়া  
উন্নয়ন পর্ষদের প্রতিনিধিদের মধ্যে।  
আগামী দিনে হলদিয়া শিল্পাঞ্চলের  
বাড়তি জলের চাহিদা মেটাতেই  
ধূগলি-হলদি-রাপনারায়ণ নদীর

সঙ্গমস্থলে টাটার জুসকো ও  
আইডিএফসি-জেভি এবং  
মালিযেশিয়ার র্যানহিল সংস্থা  
সম্মিলিত ভাবে এই প্রকল্প গড়ে  
তুলতে চলেছে। এ দিন উন্নয়ন  
পর্ষদের চেয়ারম্যান লক্ষণ শেঠের  
উপস্থিতিতেই চুক্তি স্বাক্ষরিত হয়।  
ছিলেন পর্ষদের মুখ্য কার্যনির্বাহী  
আধিকারিক পারভেজ আহমেদ

সিদ্দিকি ও হলদিয়া ওয়াটার  
ম্যানেজমেন্টের প্রধান কার্যনির্বাহী  
আধিকারিক আহমেদ জাহিদ  
জামিল। বিনিয়োগকারী তিন সংস্থা  
মিলে তৈরি করেছে এই হলদিয়া  
ওয়াটার ম্যানেজমেন্ট লিমিটেড।  
র্যানহিলের সিইও আহমেদ জাহিদ  
জামিল এর দায়িত্বে রয়েছেন। এ  
দিন জুসকোর এমডি সঞ্জীব পাল  
এবং আইডিএফসির এমডি প্রদীপ  
সিংহ। লক্ষণবাবু এ দিন বলেন,  
“অর্ধ শতাব্দীতে হলদিয়ায় আরও  
২৫টি শিল্প গড়ে উঠতে চলেছে।  
বিনিয়োগের সম্ভাবনা প্রায় ১০  
হাজার কোটি টাকা। নতুন শিল্পে  
জলও লাগবে। সে কথা ভেবেই  
নতুন এই প্রকল্প।”